

আরডিএ, বগুড়া'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আমিনুল ইসলাম'এর “শুদ্ধাচার পুরস্কার-২০১৯-২০২০” প্রাপ্তি



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
আরডিএ, বগুড়া

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আমিনুল ইসলাম এ বছর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ‘নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা’ কাটাগরিতে “শুদ্ধাচার পুরস্কার” অর্জন করেছেন। সরকারি কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার পুরস্কার নীতিমালা-২০১৭ অনুযায়ী এ পুরস্কার প্রদান করা হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রতিষ্ঠিত পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে মহাপরিচালক হিসেবে জনাব মোঃ আমিনুল ইসলাম যোগদান করেন। যোগদানের স্বল্প সময়ের মধ্যে সরকারের নীতি ও নির্বাচনী ইশতেহারের আলোকে অনেকগুলো গুরুত্বপূর্ণ কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে নেতৃত্ব প্রদান করেন। এর মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রম হলো- নির্বাচনী অঙ্গীকার “আমার গ্রাম-আমার শহর” বিনির্মাণে নীতি নির্ধারণী গবেষণা পরিচালনা করা।

এছাড়া তাঁর সুযোগ্য নেতৃত্বে পরিচালিত উল্লেখযোগ্য গবেষণা কার্যক্রমের মধ্যে রয়েছে- খামার যান্ত্রিকীকরণ বিষয়ক গবেষণা, আইলবিহীন সমবায় ভিত্তিক যান্ত্রিক চাষাবাদ পদ্ধতি প্রায়োগিক গবেষণা, কমিউনিটি ভিত্তিক বানিজ্যিক দেশী মুরগী পালন গবেষণা, আমার বাড়ী আমার খামার বিষয়ক গবেষণা, পল্লী জনপদ প্রায়োগিক গবেষণা, চর ও হাওড় অঞ্চলের জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন সংক্রান্ত গবেষণা ইত্যাদি।

জনাব মোঃ আমিনুল ইসলামের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও দিকনির্দেশনায় পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় বিসিএস ক্যাডার কর্মকর্তাদের বিনিয়াদি প্রশিক্ষণ কোর্স, জনপ্রতিনিধিদের গভর্নেন্স বিষয়ক প্রশিক্ষণ, আমার বাড়ী আমার খামার প্রকল্পের সুবিধাভোগীদের প্রশিক্ষণ, পল্লী এলাকার জনগণের জীবন জীবিকাভিত্তিক বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ, কৃষি, মৎস্য ও গবাদি প্রাণির উপর প্রশিক্ষণসহ আত্মকর্মসংস্থানমূলক ও পেশাগত দক্ষতা উন্নয়নভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়িত হয়েছে।

জনাব মোঃ আমিনুল ইসলাম ৮ম বিসিএস এর মাধ্যমে প্রশাসন ক্যাডারে ১৯৮৯ সালের ২০ ডিসেম্বর যোগদান করেন। সুদীর্ঘ চাকুরি জীবনে তিনি সহকারি কমিশনার, সহকারি কমিশনার (ভূমি), উপজেলা নির্বাহী অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা প্রশাসক, স্থানীয় সরকারের পরিচালক, অতিরিক্ত বিভাগীয় কমিশনার হিসেবে মাঠ প্রশাসনে এবং উপ-সচিব হিসেবে খাদ্য মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। তিনি সিরাজগঞ্জের জেলা প্রশাসক হিসেবে তিন বছরেরও অধিককাল অত্যন্ত সুনাম ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ আমিনুল ইসলাম পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি জনকল্যাণমূলক কর্মকাণ্ডেও সমানভাবে সক্রিয়। তিনি সামাজিক আন্দোলন স্কাউটিং কার্যক্রমের সাথে নিবিড়ভাবে যুক্ত। তিনি স্কাউটস এর একজন লিডার ট্রেনার। তিনি বিগত পাঁচ বছর যাবত বাংলাদেশ স্কাউট রাজশাহী অঞ্চলের আঞ্চলিক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি স্কাউটসের ন্যাশনাল সার্টিফিকেট এ্যাওয়ার্ড, মেডেল অব মেরিট, বার টু দ্যা মেডেল, প্রধান জাতীয় কমিশনার এ্যাওয়ার্ড অর্জন করেছেন এবং রৌপ্য ইলিশ এ্যাওয়ার্ডের জন্য মনোনীত হয়েছেন।